দৈনিক ইত্তেফাক

তারিখ MAR 16 1999
পৃষ্ঠা ১৬ কলাম ৬

559

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪টি নূতন বিভাগ

আনোয়ার আলদীন ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসন্ন শিক্ষাবর্ষ হইতে চারটি অভিনব ও বৈচিত্র্যপূর্ণ নূতন বিভাগ খোলা হইবে। এই বিভাগগুলি হইল ঃ 'পিস এন্ড কনফ্লিক্ট রেজুলেশান্স বা শান্তির অন্বেষা', কমপারেটিভ রিলিজিয়ান বা

(১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(শেষ পৃষ্ঠার পর)

তুলনামূলক ধর্মতত্ত্ব বিভাগ, বায়োটেকনোলজী এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং এবং পপুলেশন সায়েন্স। এই বিভাগগুলিতে অচিরে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। ইতিপূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এই নয়া বিভাগসমূহ অনুমোদন লাভ করিয়াছে।

জানা গিয়াছে ঃ আফ্রিকার কঙ্গোতে সন্ত্রাসীদের হাতে প্রাণ হারানো বিশ্ব শান্তি প্রত্যাশী জাতিসংঘ মহাসচিব দাগ হ্যামারশোল্ডের স্মরণে পিস এন্ড কনফ্লিক্ট রেজুলেশান্স বিভাগ খোলা হইবে। এই বিভাগে আঞ্চলিক সংঘর্ষ, জাতিগত বিভেদ, অর্থনৈতিক অস্থিরতা, সহিংসতাসহ নানামুখী সমস্যা সমাধানের লক্ষ্যে গবেষণা ও পড়াশুনা হইবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আজাদ চৌধুরী জানাইয়াছেন ঃ বিশ্বে একমাত্র সুইডেনের উপসালা ইউনিভার্সিটিতে এই বিভাগ রহিয়াছে। কম্পারেটিভ রিলিজিয়ান বিভাগে সকল ধর্ম নিয়া গবেষণা ও পড়াশুনা হইবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে বিভাগ ও ইন্সটিটিউটের সংখ্যা ৪৭। সম্প্রতি হেলথ ইকোনোমিকস ও অ্যাকোয়া কালচার নামে দুইটি নূতন বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইয়াছে। উল্লেখিত ৪টি নয়া বিভাগের মধ্যে পপুলেশন সায়েন্স বিভাগে আগামী জুনের মধ্যে ৩০ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। তবে আপাততঃ এই চার বিভাগে মাষ্টার্স শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির সিদ্ধান্ত হইয়াছে। পরবর্তীতে অনার্স চালু হইবে।